যায়যায়দিন

তারিখ 06 SEP 2013
পৃষ্ঠা ৩ কলাম ৪

# দেশে সাক্ষরতার হার ৭১ ভাগ : মন্ত্রীর দাবি

যাযাদি রিপোর্ট

প্রাথমিক ও গণশিক্ষামন্ত্রী ডা. আফছারুল আমিন বলেছেন, দেশে সাক্ষরতার হার ৭০ থেকে ৭১ শতাংশ। বৃহস্পতিবার সচিবালয়ে ৮ সেপ্টেম্বর 'আন্তর্জাতিক সাক্ষরতা দিবস' উপলক্ষে আয়োজিত সংবাদ সম্মেলনে মন্ত্রী এ তথ্য জানান। তবে পরিসংখ্যান ব্যুরোর তথ্যানুযায়ী দেশে সাক্ষরতার হার ৫৯ দশমিক ৮ শতাংশ। সংবাদ সম্মেলনে মন্ত্রণালয়ের প্রতিমন্ত্রী মো. মোতাহার হোসেন, সচিব কাজী আখতার হোসেনসহ মন্ত্রণালয়ের কর্মকর্তারা উপস্থিত ছিলেন।




সংবাদ সম্মেলনে মন্ত্রী দাবি করেন, বিগত সাড়ে চার বছরে বর্তমান সরকার সাক্ষরতার হার ১৯ ভাগ বৃদ্ধি করেছে। তিনি বলেন, আওয়ামী লীগের বিগত সময়ে (১৯৯৬-২০০১) সাক্ষরতার হার ৬২ ভাগে উন্নীত হলেও চারদলীয় জোট সরকারের সময়ে তা ৫২ ভাগে নেমে আসে। উপানুষ্ঠানিক শিক্ষাসহ বিভিন্ন কর্মসূচি বন্ধ করে দেয়ায় সাক্ষরতার হার কমে যায়।

মন্ত্রী বলেন, সরকার রস্ক প্রকল্প, আনন্দ স্কুল প্রতিষ্ঠা, উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরোকে কার্যকরসহ বিভিন্ন প্রকল্প গ্রহণ করায় সাক্ষরতার হার বেড়েছে। তিনি বলেন, 'আমরা ৫৬ মাসে সাক্ষরতার হার বাড়িয়ে ৭০ থেকে ৭১ ভাগে উন্নীত করেছি। সাংবাদিকদের এক প্রশ্নের জবাবে সাক্ষরতার হার বৃদ্ধির জন্য সরকারের বিভিন্ন কর্মসূচির কথা উল্লেখ করে মন্ত্রী বলেন, নতুন নতুন প্রকল্প অনুমোদন পেলে ২০১৪ সালের মধ্যে সাক্ষরতার হার শতভাগের কাছাকাছি যেতে পারবে। সরকারের বিভিন্ন উদ্যোগের ফলে ঝরে পড়ার হার ২৯ শতাংশে নেমে এসেছে। প্রাথমিক ও গণশিক্ষা প্রতিমন্ত্রী মো. মোতাহার হোসেন বলেন, ১৫ থেকে ৪৫ বছর বয়সের মানুষদের সাক্ষর করার লক্ষ্য নেয়া হয়েছে।